# বিজয়নগর উপজেলা পরিষদের সেপ্টেম্বর - ২০২১ খ্রি. মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব নাছিমা মুকাই আলী

চেয়ারম্যান

বিজয়নগর উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া।

তারিখ ও সময় : ৩০ সেপ্টেম্বর, ২০২১ খ্রি. সময়: সকাল ১১ টা

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা "পরিশিষ্ট - ক"

সভার শুরুতে সভাপতি সভায় উপস্থিত সকল বিভাগীয় প্রধান ও জনপ্রতিনিধিদের সাধারণ সভায় স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি সদ্য যোগদানকৃত উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া জনাব এ এইচ ইরফান উদ্দিন আহমেদ মহোদয়কে উপজেলা পরিষদের পক্ষ হতে স্বাগত জানান। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগরকে সভা পরিচালনা করার অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর সকলকে সভায় স্বাগত জানান ও সভার কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর তিনি আগস্ট - ২০২১ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় আলোচ্যসূচি মোতাবেক ও বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা করা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নম্বর ও দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে জানান যে, সকল রাসায়নিক সারের মজুদ পর্যাপ্ত পরিমাণে আছে এবং সারের মনিটরিং কার্যক্রম জোরদার করা হয়েছে। তিনি জানান, উপজেলা পরিষদে নির্মাণাধীন হর্টিকালচার সেন্টারে মাটি ভরাটের কাজ চলছে যার ফলে পানি নিষ্কাশন ব্যবস্থা ব্যাহত হতে পারে ও এতে জলাবদ্ধতার সৃষ্টি হতে পারে। এই সমস্যা সমাধানের লক্ষ্যে উপজেলা পরিষদের পানি ও ময়লা নিষ্কাশনের জন্য স্থায়ী ড্রেন নির্মাণ করা প্রয়োজন। | ০১. উপজেলা পরিষদের পানি ও ময়লা নিষ্কাশনের জন্য স্থায়ী ড্রেনের ব্যবস্থা করতে হবে। এক্ষেত্রে উপজেলা কৃষি অফিসার উপজেলা প্রকৌশলীর সাথে সমন্বয়পূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন এবং পরবর্তী সভায় তা উপস্থাপন করবেন। | ০১. উপজেলা কৃষি অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।<br><br>০২. উপজেলা প্রকৌশলী, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া। |
| ০২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ২৮/০৯/২০২১ খ্রি. তারিখে বিভিন্ন ইউনিয়ন পরিষদে কোভিড-১৯ টিকা কার্যক্রম অনুষ্ঠিত হয়। বিজয়নগর উপজেলায় কোভিড-১৯ টিকা প্রদানের জন্য ১৫,০০০ টিকা বরাদ্দ ছিলো। অতিরিক্ত জনসমাগম হওয়ায় সর্বমোট ১৫৮৭০ জনকে টিকা প্রদান করা হয়েছে। কোভিড-১৯ টিকা প্রদানে হরষপুর ইউনিয়ন সবচেয়ে দ্রুত সময়ের মধ্যে ও সুষ্ঠুভাবে টিকা প্রদান সম্পন্ন করেছে। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার আলোচনার প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার হরষপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ইউনিয়ন পরিষদ সচিবকে অভিনন্দন জানান এবং তাদের সফলভাবে কাজ সম্পাদনের জন্য পুরস্কৃত করবেন মর্মে সভাকে অবহিত করেন।<br><br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা আরও জানান, দীর্ঘ বিরতির পর গত আগস্ট মাস থেকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বহির্বিভাগ ও জরুরী বিভাগে পুনরায় রোগী আনাগোনা বৃদ্ধি পেয়েছে এবং স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাভাবিক কার্যক্রম শুরু হয়েছে। পাশাপাশি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কোভিড-১৯ টিকা দেয়া হয় ফলে প্রচুর জনসমাগম হয়। এই অবস্থায় নিরাপত্তা | ০১. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিরাপত্তা বৃদ্ধির লক্ষ্যে ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিজয়নগর থানাকে অনুরোধ করে পত্র প্রেরণ করার বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>০২. গর্ভবতী মায়েদের নিরাপদ ডেলিভারি নিশ্চিত করার লক্ষ্যে তাদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে আসার বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন। প্রয়োজন অনুসারে ইউনিয়ন পরিষদের জনসমাগম হয় এমন এলাকায় মাইকিং করার ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>০৩. উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডেন্টাল ইউনিট কার্যকর করার লক্ষ্যে উপজেলা পরিষদ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ০১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর।<br><br>০২. উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর।<br><br>০৩. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), বিজয়নগর উপজেলা। |

| | | | |
|---|---|---|---|
| | ব্যবস্থা জোরদার করা প্রয়োজন। তিনি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অন্তত ০২ (দুই) জন পুলিশ সদস্য সার্বক্ষণিক দায়িত্ব পালনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সভায় অনুরোধ জানান।<br><br>তিনি আরও জানান, স্কুল, কলেজ ও মাদ্রাসাগুলোতে স্কুলে ডাক্তার প্রোগ্রামটি খুব শীঘ্রই পুনরায় চালু হবে। এছাড়াও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এখন গর্ভবতী মায়েদের নরমাল ডেলিভারি সফলতার সাথে সম্পাদন করা হচ্ছে। তিনি এই বিষয়ে আরও কার্যকর ভূমিকা রাখার জন্য এবং গর্ভবতী মায়েদের বাসায় অদক্ষ মহিলাদের দ্বারা ডেলিভারির চেষ্টা না করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসার বিষয়ে জনসচেতনতা বাড়াতে উপস্থিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ করেন।<br><br>তিনি সভাকে অবহিত করেন যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডেন্টাল ইউনিট চালু করা প্রয়োজন। সে লক্ষ্যে প্রয়োজনীয় সরঞ্জামাদি প্রকল্পের মাধ্যমে সরবরাহ করার জন্য তিনি অনুরোধ জানান। | | |
| ০৩. উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, বিজয়নগর উপজেলার ১০ টি ইউনিয়নে এলজিইডি এর বিভিন্ন প্রকল্পের আওতায় এবং উপজেলা পরিষদের মাধ্যমে অবকাঠামোগত উন্নয়ন কর্মকাণ্ড এবং বিভিন্ন প্রাথমিক বিদ্যালয় নির্মাণ ও মেরামত কাজসহ সকল উন্নয়নমূলক কাজ চলমান আছে। তিনি আরও জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি/২০২১-২০২২ খ্রি. এর আওতায় ১ম কিস্তি বাবদ ২০,৬১,০০০/- টাকার বরাদ্দ পাওয়া গিয়েছে। সে হিসেবে পূর্বের বছরের ধারাবাহিকতা বিবেচনা করলে এই অর্থবছরে সর্বমোট ২০,৬১,০০০/- X ৪ = ৮২,৪৪,০০০/- টাকা বরাদ্দ পাওয়ার সম্ভাবনা রয়েছে। তিনি বিধি মোতাবেক টাকা বিভাজন পূর্বক উপ-বরাদ্দকৃত টাকার মধ্যে উপজেলা প্রকল্প বাছাই কমিটি কর্তৃক প্রকল্প বাছাই করার নিমিত্ত বিভিন্ন ইউনিয়ন পরিষদের রেজুলেশনসহ খাত ওয়ারী প্রকল্প দাখিল করার জন্য সভার প্রস্তাব উপস্থাপন করেন।<br><br>তিনি সভাকে আরও জানান যে, করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তার রোধকল্পে প্রতিরোধমূলক ব্যবস্থা (মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার, ইত্যাদি বিনামূল্যে বিতরণ/সেবা প্রদানের) গ্রহণের জন্য ৩,৬৩,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। এ বিষয়ে জরুরী পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।<br><br>তিনি আরও জানান, নবাগত উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের রংসহ প্রয়োজনীয় সংস্কার বাবদ ১,৯৯,৫০০/- টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তিনি তা সদয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br><br>উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, উপজেলা নির্বাহী অফিসারগণের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের লক্ষ্যে উপজেলা পরিষদের অভ্যন্তরে আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণ কাজটির স্থান নিচু জায়গায় নির্ধারণ করায় ভবনের কলামের উচ্চতা ও প্রয়োজনীয় আনুসাঙ্গিক কাজ বৃদ্ধি পাওয়ায় প্রকল্পটির জন্য ইতোপূর্বে প্রস্তাবিত প্রাক্কলন সংশোধনের প্রয়োজনীয়তা দেখা | ০১. সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ পরবর্তী মাসের মধ্যে উপ-বরাদ্দকৃত টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে ইউনিয়ন পরিষদের রেজুলেশনসহ খাত ওয়ারী প্রকল্প দাখিল করবেন। প্রকল্প পাওয়া সাপেক্ষে প্রকল্প যাচাই বাছাই কমিটি পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবে।<br><br>০২. উপজেলা প্রকৌশলী করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তার রোধকল্পে প্রতিরোধমূলক ব্যবস্থা (মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার, ইত্যাদি বিনামূল্যে বিতরণ/সেবা প্রদানের) গ্রহণের জন্য ৩,৬৩,০০০/- টাকার প্রাপ্ত বরাদ্দ RFQ এর মাধ্যমে বাস্তবায়িত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>০৩. নবাগত উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের রংসহ প্রয়োজনীয় সংস্কার বাবদ ১,৯৯,৫০০/- টাকার প্রাক্কলন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। উক্ত কাজ প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন এবং উক্ত কাজের ব্যয়ভার উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ নং ধারার "ক" নং ক্রমিকের নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে বহনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০৪. উপজেলা নির্বাহী অফিসারগণের | ০১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর।<br><br>০২. উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর।<br><br>০৩. উপজেলা প্রকৌশলী, বিজয়নগর।<br><br>০৪. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), বিজয়নগর উপজেলা। |

| | | | |
|---|---|---|---|
| | দিয়েছে। সে প্রেক্ষিতে তিনি ১৬,৪৬,৯৬০/- টাকার সংশোধিত প্রাক্কলন সভায় সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। প্রাক্কলনটি বিশ্লেষণ করে দেখা যায় যে, (১৬,৪৬,৯৬০/- - ১৪,২৫,০০০/-) = ২,২১,৯৬০/- টাকার অতিরিক্ত বরাদ্দ অনুমোদন প্রয়োজন। অতিরিক্ত বরাদ্দের অনুমোদন নিয়ে সভায় আলোচনা হয়। উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর সভাকে অবহিত করেন যে, স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখা এর স্মারক নং - ৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.২০১২(অংশ-১)-৯১৯ তারিখঃ ১৭ নভেম্বর, ২০২০ খ্রি. ও স্মারক নং - ৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.২০১২(অংশ-১)-২৭২, তারিখঃ ২৯ মার্চ ২০২১ খ্রি. মোতাবেক উপজেলা নির্বাহী অফিসারগণের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে সরকারি বিধিবিধান অনুসরণপূর্বক কাজ করার নির্দেশনা দেয়া হয়েছে। যেহেতু সংশোধিত প্রাক্কলন ১৫ লক্ষ টাকার ব্যয় সীমাকে অতিক্রম করে তাই উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৪ নং ধারার নির্দেশনা অনুযায়ী উক্ত সংশোধিত প্রাক্কলনের প্রস্তাব অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার প্রয়োজনীয়তা রয়েছে। | বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের লক্ষ্যে উপজেলা পরিষদের অভ্যন্তরে আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণ কাজের সংশোধিত প্রাক্কলন অনুমোদনের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। অনুমোদন পাওয়া সাপেক্ষে সংশোধিত প্রাক্কলনের ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধ করা হবে। | |
| ০৪. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর ২০২১ মাসে এই পর্যন্ত বিজয়নগর উপজেলায় দীর্ঘমেয়াদি সেবার আওতায় ১২ জনকে আইইউডি সেবা ও ৩৩ জনকে ইমপ্ল্যান্ট সেবা প্রদান করা হয়েছে। স্থায়ী পদ্ধতির সেবা দেয়া হয়েছে ০১ জন পুরুষ ও ০৬ জন মহিলাকে। স্বল্প মেয়াদী সেবা গ্রহণকারীদের মধ্যে ৭৬০২ পিস খাবার বড়ি, ১১৪১৪ পিস কনডম, ১৪০০ ইনজেকশন ভায়েল বিতরণ করা হয়েছে। বিভিন্ন পদ্ধতি গ্রহণের শতকরা হার ৭৭%। এছাড়া বিভাগের অন্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে বলে তিনি সভাকে অবহিত করেন। | ০১. উপজেলায় প্রত্যেক ইউনিয়নে বাড়ি বাড়ি গিয়ে মাঠ পর্যায়ের কর্মীরা জন্মহার কমানোর জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা উক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে পদক্ষেপ নিবেন। | ০১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিজয়নগর। |
| ০৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, সরকারি নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে স্কুল, কলেজ, মাদ্রাসা পরিচালনা শুরু হয়েছে। তিনি এবং উপজেলা সহকারী মাধ্যমিক কর্মকর্তা নিয়মিত তদারকি করছেন এবং প্রয়োজনীয়তার নিরিখে পরামর্শ প্রদান করছেন।<br><br>উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন যে, সরকারি সিদ্ধান্ত মেনে স্কুল, কলেজ, মাদ্রাসা সহ শিক্ষা প্রতিষ্ঠানগুলো পুনরায় চালু হবার পরে বিভিন্ন প্রতিষ্ঠানে পরিদর্শন করে দেখা যায় ছাত্রছাত্রীর উপস্থিতি নিতান্তই কম। কিছু কিছু ক্ষেত্রে তা ৩০% এর ও নিচে। ছাত্রছাত্রীদের ঝরে পড়া রোধ করতে তিনি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা সহকারী মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে কার্যকর উদ্যোগ নেয়ার অনুরোধ জানান। | ০১. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তার আওতাধীন প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্যবিধি মেনে ক্লাস পরিচালনার বিষয়টি তদারকি করবেন।<br><br>০২. ঝরে পড়া রোধ করতে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা স্কুল, কলেজ, মাদ্রাসার প্রতিষ্ঠান প্রধানদের সাথে সমন্বয় পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং পরবর্তী সভায় এই বিষয়ে অগ্রগতি সম্পর্কে অবগত করবেন। | ০১. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বিজয়নগর। |
| ০৬. উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ১২/০৯/২০২১ খ্রি. তারিখ থেকে বিজয়নগর উপজেলার ১০০ টি প্রাথমিক বিদ্যালয় খুলে দেয়া হয়েছে। গত ২৩/০৮/২০২১ খ্রি. তারিখ থেকে উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা সহকারী শিক্ষা অফিসার প্রতিদিন ০৫ (পাঁচ) টি করে বিদ্যালয় পরিদর্শন করছেন। | ০১. নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন অব্যাহত রাখতে হবে। স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা দিতে হবে। | ০১. উপজেলা শিক্ষা কর্মকর্তা, বিজয়নগর। |

| | | | |
|---|---|---|---|
| | পরিদর্শনকালে তারা সকল বিদ্যালয়ের সার্বিক অবস্থা পর্যবেক্ষণ করছেন এবং স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে পরামর্শ প্রদান করছেন। তিনি জানান, বর্তমানে প্রতিটি বিদ্যালয়ে স্বাস্থ্যবিধি মেনে প্রতিদিন পঞ্চম শ্রেণীর ক্লাস হচ্ছে। সরকারি নির্দেশনা অনুযায়ী বাকি শ্রেণীর ক্লাসগুলো সপ্তাহে একদিন করে হচ্ছে। সকল শিক্ষার্থীরা ইনফ্রারেড থার্মোমিটারে শরীরের তাপমাত্রা মেপে, হাত ধুয়ে, মাস্ক পরিধান করে ক্লাস করছে। গত ০৯/০৯/২০২১ খ্রি. তারিখে শেখ রাসেলের জন্মদিন উপলক্ষে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়। এছাড়া গত ২৯/০৯/২০২১ খ্রি. তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন উপলক্ষে উপজেলা পর্যায়ে একটি চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। তিনি সভাকে অবহিত করেন যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৭. দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে বিজয়নগর উপজেলার সাধারণ উন্নয়নের কাবিখা- খাদ্য, শস্য, চাল ও গম/ কাবিটা- নগদ অর্থ/ টি আর প্রকল্পের বরাদ্দ পাওয়া গিয়েছে। পরিপত্রের উল্লিখিত নির্দেশনা অনুযায়ী ২৭/০৯/২০২১ খ্রি. তারিখে বিভাজন করে ইউনিয়ন ওয়ারী উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১. বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলার ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | ০১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিজয়নগর। |
| ০৮. উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের ও অনগ্রসর জনগোষ্ঠীর ছেলে/মেয়েদের জন্য শিক্ষা উপবৃত্তি জুন/২০২১ পর্যন্ত ব্যাংক এশিয়ার মাধ্যমে বিতরণ করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরের সমাজকল্যাণ পরিষদ হতে এককালীন অনুদান পাওয়ার জন্য ১০ টি স্বেচ্ছাসেবী সংস্থার নিকট থেকে আবেদন পাওয়া গিয়েছে। | ০১. ভাতাভোগীরা যেন সঠিক নিয়মানুযায়ী ভাতা পায় সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে। | ০১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিজয়নগর। |
| ০৯. উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, দড়িয়াপুর আশ্রয়ণ-২ প্রকল্পে ঋণ বিতরণ ১৭,৪০,০০০/-, ঋণ আদায় ১১,৩৬,৯৫২/-, সার্ভিস চার্জ ৮৩,৬১৬/-, অনাদায়ী ৬,০৩,০৪৮/-, ব্যাংক স্থিতি ১৪,৮৭,২২০/- আছে। উক্ত প্রকল্পে ঋণ গ্রহণকারী ০৫ জন সদস্য মৃত্যুবরণ করেছেন। তাদের নিকট ঋণের আসল বাবদ ৫৬,৪৫৫/- এবং সার্ভিস চার্জ ৪,১৫১/- টাকা পাওনা রয়েছে। মোট খেলাপি ঋণের পরিমাণ ৭১,১৬৪/-। মির্জাপুর আশ্রয়ণ-২ প্রকল্প ঋন বিতরণ ১০,৫০,০০০/- টাকা। ৩৫ জন সদস্যদের মধ্যে ঋণ বিতরণ করা হয়েছে। ঋণের আসল আদায় ৪,৪০,২৫৭/- ও সার্ভিস চার্জ আদায় ২৯,৪১৮/- টাকা। অনাদায়ী ৬,০৯,৭৪৩/- টাকা, ব্যাংক স্থিতি ৭৬,১৫৬/- টাকা। বিভাগের বাকি কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১. ঋণের আদায় বাড়াতে এবং অন্যান্য সমিতিগুলো নিয়মিত অডিট সম্পাদন করতে হবে। | ০১. উপজেলা সমবায় কর্মকর্তা, বিজয়নগর। |
| ১০. উপজেলা মহিলা বিষয়ক বিষয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন যে, সেপ্টেম্বর/২০২১ মাসের ভিজিডির ডিও প্রদান করা হয়েছে। ৩০ সেপ্টেম্বর ২০২১ খ্রি. তারিখে জাতীয় কন্যা শিশু দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হয়েছে। আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের দুইটি ট্রেডে (ফ্যাশন ডিজাইন ও ফুড প্রসেসিং) ১২ তম ব্যাচের ৫০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম ১৫ সেপ্টেম্বর ২০২১ খ্রি. তারিখ থেকে শুরু হয়েছে। দরিদ্র মায়েদের জন্য মাতৃত্বকালীন | ০১. বিভাগীয় কার্যক্রম এর ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | ০১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |

| | | | |
|---|---|---|---|
| | ভাতাভোগীদের হিসাব নম্বরে ভাতার অর্থ যথারীতি প্রদান করা হচ্ছে। গ্রামীণ মহিলাদের আত্ম কর্মসংস্থানের জন্য প্রদানকৃত ক্ষুদ্র ঋণের আদায় ১০০%। | | |
| ১১. উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, করোনা মহামারীজনিত পরিস্থিতির কারণে দীর্ঘদিন যাবত যুব উন্নয়ন অধিদপ্তরের মাঠ পর্যায়ের প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ ছিলো। বর্তমানে করোনা পরিস্থিতির উন্নতি ঘটায় আত্মকর্মসংস্থানের নিমিত্ত দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কার্যক্রম শুরু হওয়ায় মাঠ পর্যায়ে প্রশিক্ষণার্থী বাছাই কার্যক্রম চলছে। বাছাই কার্যক্রম শেষ করে তালিকা প্রস্তুত হলে অক্টোবর মাসের প্রথম সপ্তাহ থেকে প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে। | ০১. প্রশিক্ষণ কর্মসূচী নিবিড়ভাবে সম্পন্ন করতে হবে। মাঠ পর্যায়ে প্রশিক্ষণার্থী বাছাইয়ের কাজ শতভাগ স্বচ্ছতা ও আন্তরিকতার সাথে করতে হবে। | ০১. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিজয়নগর। |
| ১২. পল্লী উন্নয়ন বিভাগ | ভারপ্রাপ্ত উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, আবর্তক (কৃষি), সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচী, অসচ্ছল মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের আত্মকর্মসংস্থান কর্মসূচী লক্ষ টাকায় মোট সমিতি/দল = ৮৫ টি, মোট সদস্য সংখ্যা - ১৪৮৪ জন, মোট ঋণ তহবিল প্রাপ্তি- ৭৮.৫৭, মোট ঋণ বিতরণ (ক্রমঃ) = ৩৩৯.৩০, মোট আদায়যোগ্য (ক্রমঃ) = ২৭৫.০৫, মোট ঋণ আদায় (ক্রমঃ) = ২৭২.৫৯, আদায়ের হার (ক্রমঃ) = ৯৯%। | ০১. ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম আরও বাড়াতে হবে। | ০১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৩. আমার বাড়ি আমার খামার | পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার সমন্বয়কারী সভায় জানান যে, অফিস ভবন সম্প্রসারণের জন্য ২০২০-২০২১ অর্থ বছরে বরাদ্দ পাওয়া গিয়েছিল। প্রাপ্ত বরাদ্দ থেকে উপজেলা প্রকৌশল দপ্তরের প্রাক্কলন অনুযায়ী ৯৫% কাজ সম্পন্ন হয়েছে। পুরো ভবনের কাজ সম্পন্ন করার জন্য অতিরিক্ত বরাদ্দের আবেদন পাঠানো প্রয়োজন। তিনি আরও জানান, প্রকল্পের মেয়াদ ইতোমধ্যে শেষ হয়েছে এবং তা পরবর্তীতে আর বর্ধিত না করায় এখন ব্যাংকের আওতায় পরবর্তী অতিরিক্ত বরাদ্দের আবেদন করতে হবে। | ০১. অতিরিক্ত বরাদ্দের জন্য আবেদন করার বিষয়ে পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার সমন্বয়কারী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | ০১. পল্লী সঞ্চয় ব্যাংক ও আমার বাড়ি আমার খামার সমন্বয়কারী |
| ১৪. খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | ০১. বিভাগীয় কার্যক্রম সচল রাখতে হবে। | ০১. উপজেলা খাদ্য কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৫. উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর, ২০২১ মাসে ২৬/০৯/২০২১ থেকে ০৭/১০/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত পাহাড়পুর ইউনিয়নে প্রশিক্ষণ চালু হয়েছে। সেখানে ৩২ জন পুরুষ ও ৩২ জন মহিলা মোট ৬৪ জন প্রশিক্ষণার্থী রয়েছে। ১০ টি ইউনিয়নের মধ্যে ০১ জন দলনেত্রী ০১ জন দলপতি আনসার কমান্ডার আছে। তাদেরকে প্রতি মাসে সম্মানী হিসেবে ২,৫০০/- টাকা দেয়া হয়। বিভাগের বাকি কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১. বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | ০১. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৬. উপজেলা প্রাণীসম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভাকে অবহিত করেন যে তার বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | ০১. বিভাগের দাপ্তরিক কার্যক্রম চলমান রাখার পাশাপাশি উপকারভোগীদের বাড়ি বাড়ি গিয়ে সেবা প্রদান নিশ্চিত করতে হবে। | ০১. উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৭. উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, সেপ্টেম্বর, ২০২১ মাসে নিবন্ধিত জেলেদের মধ্যে ৬০ জন জেলে ও ২০ জন চাষিকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। নিয়মিত চাষির পুকুর পরিদর্শন করা হচ্ছে এবং প্রয়োজনীয় পরামর্শ দেয়া হচ্ছে। | ০১. প্রশিক্ষণ যেন ফলপ্রসূ হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। মাঠ পর্যায়ে তদারকি আরও বাড়াতে হবে। | ০১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিজয়নগর। |

| | | | |
|---|---|---|---|
| ১৮. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপঃ সহকারী প্রকৌশলী সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে হাওড় অঞ্চলের নিরাপদ পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের আওতায় বরাদ্দ প্রাপ্ত ৭১ টি গভীর নলকূপ ও ৩০০ টি সাব-মার্সেবল পাম্পযুক্ত গভীর নলকূপের কাজ চলমান আছে। এছাড়া এ প্রকল্পের আওতায় ৫০ টি ইমপ্রুভ ও ২৫ টি টয়লেট এর কাজ চলমান আছে। ২০২১-২০২২ অর্থ বছরে ২৬০ টি সাব-মার্সেবল পাম্পযুক্ত গভীর নলকূপ বরাদ্দ পাওয়া যায়। | ০১. চলমান কাজ সার্বক্ষণিক তদারকি করতে হবে। জনগণের চাহিদাকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে প্রকল্পের কাজ বাস্তবায়ন করতে হবে। | ০১. জনস্বাস্থ্য প্রকৌশলী, বিজয়নগর। |
| ১৯. পল্লী দারিদ্র্য বিমোচন | পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর, ২০২১ মাসে মোট সমিতির সংখ্যা ৫৩, সদস্য সংখ্যা ১৪৪১ জন, ক্ষুদ্র ঋণ সদস্য সংখ্যা ৭৩৩ জন, ক্ষুদ্র ঋণ বিতরণ- ৭৫.৯৫ লক্ষ টাকা, ক্ষুদ্র ঋণ আদায়-৮৩.০৫ লক্ষ টাকা ও মোট আদায়ের হার ৯৭%। ক্ষুদ্র উদ্যোক্তা ঋণী সদস্য ৯৬ জন, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ ৪৯৬.১৯ লক্ষ, ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ আদায়যোগ্য ৪৫৯.৬০ লক্ষ ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ আদায় হার ৯৭%। | ০১. ঋণ বিতরণ ও ঋণ আদায়ের হার আরও বাড়াতে হবে। মাঠ পর্যায়ে বাড়ি বাড়ি গিয়ে সচেতনতা মূলক সভা করার পাশাপাশি মানুষকে ঋণ এর সুফল সম্পর্কে অবগত করতে হবে। | ০১. পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, বিজয়নগর। |
| ২০. বিএডিসি (সেচ) | উপঃ সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্রসেচ) সভায় জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরে খাল খনন, বিভিন্ন আকারের সেচ অবকাঠামো নির্মাণ, কৃষক পর্যায়ে সেচ যন্ত্র সরবরাহ ও সেচ নালা নির্মাণ কাজের জন্য উপকারভোগী কৃষকদের আবেদন পাওয়া গিয়েছে। জনপ্রতিনিধিদের চাহিদার প্রেক্ষিতে তালিকা প্রস্তুত করা হয়েছে। কাজ বাস্তবায়নের উপযুক্ত আবহাওয়া তৈরি হলে কাজ শুরু করা হবে। | ০১. খাল খনন, বিভিন্ন আকারের সেচ অবকাঠামো নির্মাণ, সেচ নালা নির্মাণের কাজ শতভাগ স্বচ্ছতার সাথে করতে হবে। কাজের গুনগত মান বজায় রাখতে হবে। নিয়মিত তদারকি জোরদার করতে হবে। | ০১. উপঃ সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), বিজয়নগর। |
| ২১. উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, বিভিন্ন দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | ০১. বিভাগীয় কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | ০১. উপজেলা বন কর্মকর্তা, বিজয়নগর। |
| ২২. উপজেলা পরিসংখ্যান ব্যুরো | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | ০১. বিভাগীয় কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | ০১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিজয়নগর। |
| ২৩. উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সভায় জানান যে, তার বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | ০১. দাপ্তরিক কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখতে হবে। | ০১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিজয়নগর |
| ২৪. পল্লী বিদ্যুৎ সমিতি | এজিএম, উপজেলা পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান যে, সেপ্টেম্বর, ২০২১ মাসের প্যারামিটারে মোট গ্রাহকের সংখ্যা ৪৭৫৪৯ এবং সর্বমোট ইয়ার টু ডেট গ্রাহক সংখ্যা ৪৭৫৪৯। | ০১. অপ্রয়োজনীয় লোড শেডিং যেন না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করতে হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ০১. এজিএম, উপজেলা পল্লী বিদ্যুৎ সমিতি, বিজয়নগর |
| ২৫. ইসলামিক ফাউন্ডেশন | সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় জানান যে, চান্দুরা-আখাউরা সড়কের পাশে খিরাতলা নামক স্থানে ইসলামিক মিশন হাসপাতাল নির্মাণের কার্যক্রম চলমান আছে। সার্বক্ষণিক তদারকি করা হচ্ছে। | ০১. স্থাপনা নির্মাণের তদারকি অব্যাহত রাখার পাশাপাশি বিভাগের নিয়মিত কার্যক্রম স্বাভাবিকভাবে চালিয়ে যেতে হবে। | ০১. সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বিজয়নগর |

বিবিধ আলোচনা ০১: উপজেলা পরিষদের অভ্যন্তরে সেপটিক ট্যাংকি পরিষ্কার ও ফটোকপিয়ার মেরামত প্রসঙ্গে।

উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে ডরমিটরি ভবন ও অন্যান্য আবাসিক ভবনের সেপটিক ট্যাংকি ওভার ফ্লো হবার কারণে আবাসিক এলাকার আশেপাশে দুর্গন্ধ ছড়াচ্ছে এবং পরিবেশ নষ্ট হচ্ছে। সেই প্রেক্ষিতে সেপটিক ট্যাংকি পরিষ্কারের উদ্যোগ গ্রহণ করা হয় এবং এতে মোট ২৫,০০০/- (পঁচিশ হাজার টাকা) ব্যয় হয়। উপজেলা নির্বাহী অফিসার সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন, উপজেলা পরিষদের ফটোকপি মেশিন দীর্ঘদিন যাবত অকেজো হয়ে আছে। দাপ্তরিক কাজের স্বার্থে তা মেরামত করা হয়েছে এবং সেই বাবদ ২৪,০০০/- (চব্বিশ হাজার টাকা) ব্যয় হয়। সেপটিক ট্যাংকি পরিষ্কার বাবদ ২৫,০০০/- টাকা ও ফটোকপিয়ার মেশিন মেরামত বাবদ ২৪,০০০/- টাকা ব্যয়ভার পরিষদের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনান্তে ভাউচার ও বিলগুলো সঠিক বিবেচিত হওয়ায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ অনুযায়ী উপজেলা পরিষদের অভ্যন্তরের সেপটিক ট্যাংকি পরিষ্কার বাবদ ২৫,০০০/ (পঁচিশ হাজার টাকা) এর বিল নির্দেশিকার ৩ নং ধারার "ত" নং ক্রমিকের সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয় এবং ফটোকপি মেশিন মেরামত বাবদ ২৪,০০০/- (চব্বিশ হাজার টাকা) এর বিল নির্দেশিকার ৩ নং ধারার "ঞ" নং ক্রমিকের সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

২. উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

৩. উপজেলা প্রকৌশলী, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

বিবিধ আলোচনা ০২: উপজেলা পরিষদের সুইপার নিয়োগ প্রসঙ্গে।

মাহমুদুর রহমান মান্না, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর সভাকে জানান যে, উপজেলা পরিষদে একজন সুইপার নিয়োগের সুযোগ রয়েছে। বর্তমানে উপজেলা পরিষদে কোন সুইপার না থাকায় পরিবেশ বিপর্যয় ঘটছে। তিনি সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন, জনাব মনু মিয়া, পিতাঃ মৃত মোঃ কালা মিয়া, সাংঃ বড়চাল, পোঃ পাক হরষপুর, উপজেলাঃ বিজয়নগর, জেলাঃ ব্রাহ্মণবাড়িয়া, বিজয়নগর উপজেলা পরিষদের সুইপার পদে দৈনিক মজুরী ভিত্তিতে কাজ পাওয়ার আবেদন করেছেন। তার আবেদনটি বিবেচনার জন্য তিনি সভায় আলোচনা করার অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর জানান, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ নং ধারার "ত" নং ক্রমিকের নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে সরকার অনুমোদিত হারে দৈনিক চুক্তিতে একজন সুইপার নিয়োগ করা যায়। সেক্ষেত্রে উপজেলা পরিষদের সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে।

সিদ্ধান্তঃ সভায় উপরিউক্ত বিষয়ে বিস্তারিত আলোচনার পর, জনাব মনু মিয়া, পিতাঃ মৃত মোঃ কালা মিয়া, সাংঃ বড়চাল, পোঃ পাক হরষপুর, উপজেলাঃ বিজয়নগর, জেলাঃ ব্রাহ্মণবাড়িয়া - কে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ নং ধারার "ত" নং ক্রমিকের নির্দেশনা অনুযায়ী সরকার কর্তৃক আরোপিত বিধি-বিধান সাপেক্ষে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে সরকার অনুমোদিত হারে সরকারি ছুটির দিন ব্যতীত দৈনিক মজুরীর চুক্তিতে উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া এর সুইপার হিসেবে নিয়োগের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তবে শর্ত থাকে যে, এই নিয়োগ কোন অবস্থাতেই স্থায়ী বা অস্থায়ী নিয়োগ বলে গণ্য হবে না। এটি চুক্তিভিত্তিক নিয়োগ হবে এবং কর্তৃপক্ষ যেকোনো সময় কোন কারণ দর্শানো ব্যতিরেখেই তাকে অব্যাহতি দিতে পারে।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

২. উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

বিবিধ আলোচনা ০৩: উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণের এপ্রিল ২০২১ থেকে জুন ২০২১ পর্যন্ত মাসের ভ্রমণ ভাতার বিল অনুমোদন প্রসঙ্গে।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া ও ভাইস চেয়ারম্যানদ্বয়, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া এর এপ্রিল ২০২১ থেকে জুন ২০২১ মাসের ভ্রমণ ভাতার বিল সদয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। বিলগুলো পর্যালোচনা করে দেখা যায়, জনাব নাছিমা মুকাই আলী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর ব্রাহ্মণবাড়িয়া এপ্রিল ২০২১ থেকে জুন ২০২১ পর্যন্ত ০৩ (তিন) মাসের জন্য ২৫,০০০/- (পঁচিশ হাজার টাকা) ভ্রমণ ভাতার বিল দাখিল করেছেন। জনাব মাহমুদুর রহমান মান্না, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া এপ্রিল ২০২১ থেকে জুন ২০২১ পর্যন্ত ০৩ (তিন) মাসের জন্য ১৪,৫০০/- (চৌদ্দ হাজার পাঁচশত টাকা) ভ্রমণ ভাতার বিল দাখিল করেছেন। জনাব সাবিত্রী রাণী, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া এপ্রিল ২০২১ থেকে জুন ২০২১ পর্যন্ত ০৩ (তিন) মাসের জন্য ১২,৫০০/- (বার হাজার পাঁচশত টাকা) ভ্রমণ ভাতার বিল দাখিল করেছেন। উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর সভাকে অবহিত করেন যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ নং ধারার "খ" নং ক্রমিকের নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদের চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যানগণের সম্মানী ভাতা ও টিএ/ডিএ ভাতা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ থেকে পরিশোধ করা যাবে।

সিদ্ধান্তঃ সভায় বিলগুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং বিলগুলো সঠিক পাওয়ায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ নং ধারার "খ" নং ক্রমিকের নির্দেশনা অনুযায়ী বিলগুলো উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

২. উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

বিবিধ আলোচনা ০৪: উপজেলা পরিষদের চেয়ারম্যান এর বাসভবনের আভ্যন্তরীণ রাস্তা ও বাগান উন্নয়নের জন্য প্রস্তুতকৃত প্রাক্কলন প্রসঙ্গে

উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, উপজেলা পরিষদের চেয়ারম্যানের মৌখিক নির্দেশনায় উপজেলা চেয়ারম্যানের বাসভবনের আভ্যন্তরীণ রাস্তা ও বাগান উন্নয়নের জন্য মোট ৩,৯৯,৬২২/- টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তিনি সভায় উক্ত বিষয়ে আলোচনা করার জন্য অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর সভাকে অবহিত করেন যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ অনুযায়ী বাসভবনের আভ্যন্তরীণ রাস্তা ও বাগান উন্নয়নের জন্য রাজস্ব তহবিল সরাসরি ব্যবহারের কোন সুযোগ নেই। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ নং ধারায় "ক-ম" ক্রমিকে রাজস্ব তহবিল ব্যয়ের ক্ষেত্রসমূহ তিনি সভায় উপস্থাপন করেন। এছাড়াও তিনি নির্দেশিকার ৪ নং ধারাটি সভায় পাঠ করে শুনান। সেখানে বলা রয়েছে, ক্রমিক নং ৩ এর "ক-ম" পর্যন্ত খাতের বাইরে অন্য কোন খাতে ব্যয়ের বিশেষ প্রয়োজন হলে প্রয়োজনীয় কাগজপত্র ও উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় সিদ্ধান্ত গ্রহণপূর্বক প্রস্তাব অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে।

সিদ্ধান্তঃ সভায় উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা চেয়ারম্যানের বাসভবনের আভ্যন্তরীণ রাস্তা ও বাগান উন্নয়নের জন্য মোট ৩,৯৯,৬২২/- টাকার প্রস্তুতকৃত প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর আলোকে উক্ত খাতে উপজেলা রাজস্ব তহবিল থেকে সরাসরি ব্যয় করার সুযোগ না থাকায় অদ্যকার সভায় গৃহীত সিদ্ধান্ত ও প্রস্তুতকৃত প্রাক্কলনসহ প্রস্তাবটি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

২. উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

৩. উপজেলা প্রকৌশলী, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

বিবিধ আলোচনা ০৫: চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ, উপজেলা নির্বাহী অফিসার এর অফিস কক্ষ, উপজেলা প্রকৌশলী এর অফিস কক্ষ ও উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ এর ইন্টেরিয়র ডিজাইনের জন্য প্রস্তুতকৃত প্রাক্কলন প্রসঙ্গে

উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের মৌখিক নির্দেশনার প্রেক্ষিতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ, উপজেলা নির্বাহী অফিসার এর অফিস কক্ষ, উপজেলা প্রকৌশলী এর অফিস কক্ষ ও উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ এর ইন্টেরিয়র ডিজাইনের জন্য নিম্নোক্তভাবে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।

| ক্রমিক নং | কক্ষের নাম | নীট প্রাক্কলিত মূল্য | ৭.৫% ভ্যাট (+) | ৩% আয়কর (+) | সর্বমোট মূল্য |
|---|---|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ | ৪,৪৩,৮২৫/- | ৩৩,২৮৬.৮৮/- | ১৩,৩১৪.৭৫/- | ৪,৯০,৪২৬.৬৩/- |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার এর অফিস কক্ষ | ৪,৩৮,৭২৫/- | ৩২,৯০৪.৩৮/- | ১৩,১৬১.৭৫/- | ৪,৮৪,৭৯১.১৩/- |
| ০৩ | উপজেলা প্রকৌশলী এর অফিস কক্ষ | ২,৯৪,৩০০/- | ২২,০৭২.৫০/- | ৮,৮২৯/- | ৩,২৫,২০১.৫০/- |
| ০৪ | উপজেলা পরিষদ এর সম্মেলন কক্ষ | ৪,৪৮,৯০০/- | ৩৩,৬৬৭.৫০/- | ১৩,৪৬৭/- | ৪,৯৬,০৩৪.৫০/- |
| | মোট = | ১৬,২৫,৭৫০/- | ১,২১,৯৩১.২৬/- | ৪৮,৭৭২.৫০/- | ১৭,৯৬,৪৫৩.৭৬/- |

তিনি উল্লিখিত কক্ষসমূহের ইন্টেরিয়র ডিজাইন এর জন্য প্রস্তুতকৃত প্রাক্কলনের বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর সভাকে অবহিত করেন যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ অনুযায়ী উপজেলা পরিষদের কক্ষসমূহ এর ইন্টেরিয়র ডিজাইনের জন্য রাজস্ব তহবিল সরাসরি ব্যবহারের কোন সুযোগ নেই। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ নং ধারায় "ক-ম" ক্রমিকে রাজস্ব তহবিল ব্যয়ের ক্ষেত্রসমূহ ইতোমধ্যে সভায় উপস্থাপন করা হয়েছে। তিনি জানান, যেহেতু ক্রমিক নং ৩ এর "ক-ম" পর্যন্ত খাতের বাইরে অন্য কোন খাতে ব্যয়ের বিশেষ প্রয়োজন হলে ৪ নং ক্রমিকের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র ও উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় সিদ্ধান্ত গ্রহণপূর্বক প্রস্তাব অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে তাই উক্ত বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণের প্রয়োজন।

সিদ্ধান্তঃ সভায় উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ, উপজেলা নির্বাহী অফিসার এর অ[illegible] কক্ষ, উপজেলা প্রকৌশলী এর অফিস কক্ষ ও উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ এর ইন্টেরিয়র ডিজাইনের জন্য প্রস্তুতকৃত সর্বমোট ১৭,৯৬,৪৫৩.৭৬/- (সতের লক্ষ ছিয়ানব্বই হাজার চারশত তেপ্পান্ন টাকা ছিয়াত্তর পয়সা) এর প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর আলোকে উক্ত খাতে উপজেলা রাজস্ব তহবিল থেকে সরাসরি ব্যয় করার সুযোগ না থাকায় অদ্যকার সভায় গৃহীত সিদ্ধান্ত ও প্রস্তুতকৃত প্রাক্কলনসহ প্রস্তাবটি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

২. উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

৩. উপজেলা প্রকৌশলী, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নাছিমা মুকাই আলী )
সভাপতি
মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং : ০৩.৪২.১৫৬৬.০০০.০৬.০০১.২১-৬৭/ (৪০)

তারিখ: ১৫ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর, ২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ব্রাহ্মণবাড়িয়া - ৩ ও সভাপতি, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
৫। চেয়ারম্যান, বিজয়নগর উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
৬। ভাইস চেয়ারম্যান / মহিলা - ভাইস-চেয়ারম্যান, বিজয়নগর উপজেলা পরিষদ, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
৭। উপজেলা..........................................................অফিসার (সকল), বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।
৮। চেয়ারম্যান,.......................................................... ইউপি (সকল), বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

৩০/০৯/২০২১

এ এইচ ইরফান উদ্দিন আহমেদ
উপজেলা নির্বাহী অফিসার
বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া।

## পরিশিষ্ট 'ক'

৩০ সেপ্টেম্বর, ২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ বিজয়নগর এর সাধারণ সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ:

উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানবৃন্দ :

| ক্রমিক নং | নাম | পদবি |
|---|---|---|
| ১ | জনাব নাছিমা মুকাই আলী | চেয়ারম্যান, উপজেলা পরিষদ বিজয়নগর |
| ২ | মাহমুদুর রহমান মান্না | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বিজয়নগর |
| ৩ | সাবিত্রী রাণী | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বিজয়নগর |

উপস্থিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ :

| ক্রমিক নং | নাম | পদবি |
|---|---|---|
| ১ | জনাব মো: জিতু মিয়া | চেয়ারম্যান, বুধন্তী ইউপি |
| ২ | জনাব এ এম শামীউল হক চৌধুরী | চেয়ারম্যান, চান্দুরা ইউপি |
| ৩ | জনাব মোঃ জিয়াউল হক বকুল | চেয়ারম্যান, ইছাপুরা ইউপি |
| ৪ | জনাব হামিদুল হক | চেয়ারম্যান, চম্পক নগর ইউপি |
| ৫ | জনাব মোঃ সারওয়ার রহমান ভূঞা | চেয়ারম্যান, হরষপুর ইউপি |
| ৬ | জনাব মো: কামরুজ্জামান (রতন) | চেয়ারম্যান, পত্তন ইউপি |
| ৭ | জনাব মোঃ মনিরুল ইসলাম | চেয়ারম্যান, সিংগারবিল ইউপি |
| ৮ | জনাব মোঃ জামাল উদ্দিন ভূঞা | চেয়ারম্যান, বিষ্ণুপুর ইউপি |
| ৯ | জনাব মোঃ দানা মিয়া ভূঞা | চেয়ারম্যান, চরইসলামপুর ইউপি |
| ১০ | জনাব আবুল কালাম আজাদ | চেয়ারম্যান, পাহাড়পুর ইউপি |
| ১১ | মোছাঃ নিলুফা আক্তার | ১নং ওয়ার্ড সংরক্ষিত আসন, বিজয়নগর। |
| ১২ | মোছাঃ শাকিলা আক্তার | ১নং ওয়ার্ড সংরক্ষিত আসন, বিজয়নগর। |

উপস্থিত কর্মকর্তাবৃন্দ :

| ক্রমিক নং | নাম | পদবি |
|---|---|---|
| ১ | জনাব এ এইচ ইরফান উদ্দিন আহমেদ | উপজেলা নির্বাহী অফিসার, বিজয়নগর। |
| ২ | জনাব- মোঃ সাব্বির আহমেদ | উপজেলা কৃষি অফিসার, বিজয়নগর |
| ৩ | জনাব মোঃ আনিতুর রহমান ভূঞা | উপজেলা প্রকৌশলী, বিজয়নগর। |
| ৪ | জনাব ডা. শাহনেওয়াজ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিজয়নগর। |
| ৫ | বেগম আফরোজা বেগম | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, বিজয়নগর |
| ৬ | জনাব - শাহনেওয়াজ পারভীন | উপজেলা শিক্ষা অফিসার, বিজয়নগর |
| ৭ | জনাব মোঃ বদরুল ইসলাম | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,বিজয়নগর |
| ৮ | জনাব মোঃ আব্দুল জলিল | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বিজয়নগর |
| ৯ | জনাব মো: দেলোয়ার হোসেন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিজয়নগর |
| ১০ | জনাব মোঃ গোলাম মহিউদ্দিন | উপজেলা সমবায় কর্মকর্তা, বিজয়নগর। |
| ১১ | জনাব রঞ্জিত কুমার বসাক | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিজয়নগর |
| ১২ | জনাব মোঃ আজাদুর রহমান | পক্ষে- উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| ১৩ | জনাব মোহাম্মদ হালিম | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিজয়নগর |
| ১৫ | জনাব শাহী নূরজাহান বেগম | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৬ | ডা: মো: আমিনুল ইসলাম খান | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,বিজয়নগর |
| ১৭ | জনাব রেহেনা সিকদার | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বিজয়নগর। |
| ১৮ | জনাব মো: আবু ছালেহ | উপজেলা মৎস্য কর্মকর্তা (ভারপ্রাপ্ত),বিজয়নগর |
| ১৯ | জনাব দীপক চৌধুরী বাপ্পী | চেয়ারম্যান, ইউসিসিএ লিঃ, বিজয়নগর। |
| ২০ | জনাব মো: জিসান উদ্দিন | উপ-সহকারী প্রকৌশলী,বিএডিসি(সেচ),বিজয়নগর |
| ২১ | জনাব নিরুপা ভৌমিক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিজয়নগর |
| ২২ | জনাব মোঃ আমান উল্লাহ | উপ-সহকারী প্রকৌশল, বিজয়নগর। |
| ২৩ | জনাব আব্দুল ছামাদ | উপজেলা ইউআরসি কর্মকর্তা, বিজয়নগর। |
| ২৪ | জনাব রণন প্রতিম ভাওয়াল | আমার বাড়ি আমার খামার কর্মকর্তা, বিজয়নগর। |
| ২৫ | জনাব মোঃ শাহজাহান | উপজেলা বন কর্মকর্তা, বিজয়নগর। |
| ২৬ | জনাব মোঃ জহিরুল ইসলাম | এজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, বিজয়নগর, ব্রাহ্মণবাড়িয়া। |

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ: